

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫২০৪

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

اَلْفَصِيْلُ التَّالِثُ

## আরবী

وَعَنْ أُمِّ الدَّرْدَاءِ قَالَتْ: قُلْتُ: لِأَبِي الدَّرْدَاءِ: مَالك لَا تَطْلُبُ كَمَا يَطْلُبُ فُلَانٌ؟ فَقَالَ: أَنِي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «إِنَّ أَمَامَكُمْ عَقَبَةً كَوُّودًا لَا يَجُوزُهَا المثقلون». فَأَحِب أَن أَتخفف لتِلْك الْعقبَة

اسناده ضعيف ، رواه البيهقى فى شعب الايمان (10408 ، نسخة محققة : 9923 ـ 9924) [و صححه الحاكم (4 / 573 ـ 574) و وافقه الذهبى] \* ابو معاوية الضرير مدلس و عنعن و صرح بالسماع فى رواية محمد بن سليمان ابن بنت مطر الوراق وهو ضعيف فالسند معلل ـ

#### বাংলা

৫২০৪-[৫০] উম্মু দারদা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি (আমার স্বামী) আবু দারদা (রাঃ) কে বললাম: আপনার কী হয়েছে, আপনি কেন (কোন পদ ও সম্পদ) অর্জন করছেন না, যেভাবে অমুক অমুক অর্জন করছে? তখন তিনি বললেন: আমি রাসূলুল্লাহ (সা.) -কে বলতে শুনেছি, "তোমাদের সম্মুখে একটি কঠিন গিরিপথ রয়েছে, ভারী বোঝা বহনকারী সহজভাবে তা পার হতে পারবে না। তাই আমি উক্ত দুর্গম পথের জন্য হালকা থাকাই পছন্দ করি।

# ফুটনোট

সহীহ: সহীহুল জামি' ২০০১, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ৩১৭৭, সিলসিলাতুস সহীহাহ্ ২৪৮০, আল মুসতাদরাক লিল হাকিম ৮৭১৩।



### ব্যাখ্যা

ব্যাখ্যা: আবু দারদা (রাঃ) মদীনার নামকরা একজন ব্যবসায়ী ছিলেন। তিনি রাসূলুল্লাহ (সা.)-এর হিজরতের পর ব্যবসা ও ইবাদতের মধ্যে সমন্বয় সাধনের চেষ্টা করেন, কিন্তু সমন্বয় করতে না পারায় ব্যবসা ছেড়ে 'ইবাদতে আত্মনিয়োগ করেন, এমনকি একেবারেই দুনিয়াবিমুখ হয়ে পড়েন। স্ত্রী তাকে বলেন, অমুকে অমুকে অভিজ্ঞতা ছাড়াই ব্যবসা করে লাভবান হচ্ছে অথচ ব্যবসায় তোমার প্রচুর সুনাম রয়েছে এবং অভিজ্ঞতা রয়েছে। তিনি রাসূলুল্লাহ (সা.) কর্তৃক বর্ণিত পরকালের সংকটময় পথ পরিক্রমার কথা স্মরণ করে দুনিয়ার সম্পদের বোঝা নিয়ে সেই দুর্গম ও সংকটময় পথ পাড়ি দেয়া নিয়ে অত্যন্ত ভীত ছিলেন। তাই ব্যবসার প্রতি তার কোন আগ্রহ নেই বলে জানালেন।

(مَوْتَىً صَعْبًا مِنَ الْجِبَال): শব্দের অর্থ করতে গিয়ে লিখেছেন (عَقَبَةً كَوُّودًا) পাহাড়ের দুঃসাধ্য আরোহণস্থল যেখানে উঠা খুবই কঠিন। (كَوُّودًا) শব্দের অর্থ দুর্গম এবং দীর্ঘ, অর্থাৎ তোমার গন্তব্য (জান্নাত) তোমা হতে অনেক দূর এবং সে পথ খুব কঠিন ও দুর্গম।

'আল্লামাহ্ ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেছেন: এর দ্বারা উদ্দেশ্য মৃত্যু, কবর এবং হাশরের নানা অবস্থা ও তার কাঠিন্যতা। আবু দারদা (রাঃ) মৃত্যুর পর ঐ ঘাঁটিগুলো অতিক্রম করতে নিজের গুনাহের এবং জওয়াবদিহিতার বোঝাকে হালকা করে রাখতে চেয়েছেন। (মিরকাতুল মাফাতীহ, কাশফুল আর হা. ৩৬৯৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ উম্মুদ দারদা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন